



নেপাল ও ভারতের বিপক্ষে লড়তে দেশে ফিরলেন শমিত সোম



সংগৃহীত ছবি

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের মিডফিল্ডার শমিত সোম কানাডা থেকে দেশে ফিরেছেন আসন্ন দুই গুরুত্বপূর্ণ ম্যাচে অংশ নিতে। নেপালের বিপক্ষে প্রীতি ম্যাচ এবং ভারতের বিপক্ষে এএফসি এশিয়ান কাপ বাছাইয়ের লড়াই—দুই ম্যাচেই মাঠে দেখা যাবে এই তরুণ তারকাকে।

মঙ্গলবার (১১ নভেম্বর) মধ্যরাতে কানাডা থেকে ঢাকায় পৌঁছান শমিত। এর আগের দিন তিনি কানাডিয়ান প্রিমিয়ার লিগের ফাইনালে কাভালরি এফসির হয়ে খেলেন। দুর্ভাগ্যবশত, শেষ মুহূর্তের গোলে পরাজিত হয়ে রানার্সআপ হয় তার দল।

শমিতের জাতীয় দলে অভিষেক হয়েছিল চলতি বছরের ১০ জুন সিঙ্গাপুরের বিপক্ষে ম্যাচে। দ্বিতীয় ম্যাচেই হংকংয়ের বিপক্ষে গোল করে তিনি নজর কাড়েন ফুটবলপ্রেমীদের। আগামী বৃহস্পতিবার নেপালের বিপক্ষে মাঠে নামবে বাংলাদেশ। এরপর ১৮ নভেম্বর ভারতের বিপক্ষে এএফসি বাছাইয়ের গুরুত্বপূর্ণ ম্যাচে প্রতিদ্বন্দ্বিতা করবে লাল-সবুজের দল।

LENS ASIA